



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ

এফসিআরপিডি সার্কুলার লেটার নং- ১৫

তারিখঃ ১৩ জুলাই ২০২৬  
২৯ আষাঢ় ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

**আয়কর আইন, ২০২৩ এর ধারা ১০২ অনুযায়ী স্থায়ী আমানতের বিপরীতে প্রযোজ্য হারে উৎসে কর কর্তন ও  
কর্তিত উৎসে কর যথাসময়ে সরকারি কোষাগারে জমা প্রদান করা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ৩০/০৪/২০২৪ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। উক্ত সার্কুলার লেটারে আমানতের বিপরীতে সুদ/মুনাফা পরিশোধের ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১০২ অনুযায়ী উৎসে কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের বিষয়ে স্পষ্টীকরণ করে নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। আয়কর আইন, ২০২৩ এর ধারা ১০২ অনুযায়ী PSR (Proof of Submission of Return) নেই এরূপ কোম্পানী স্ট্যাটাসভুক্ত করদাতাগণের ক্ষেত্রে জরিমানাসহ ৩০% এবং Individual স্ট্যাটাসভুক্ত (ব্যক্তি ও অন্যান্য) করদাতাগণের ক্ষেত্রে জরিমানাসহ ১৫% হারে উৎসে কর কর্তনের বাধ্যবাধকতা রয়েছে। একইসাথে, কর্তিত কর বিধি মোতাবেক জমা প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত সময়সীমা রয়েছেঃ

| ক্রম | কর্তন ও সংগ্রহের সময়                                                          | সরকারী কোষাগারে জমাদানের তারিখ                              |
|------|--------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------|
| ০১   | অর্থ বৎসরের জুলাই থেকে মে মাসের যে কোনো কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে             | কর্তন বা সংগ্রহের মাসের শেষে পরবর্তী ০২(দুই) সপ্তাহের মধ্যে |
| ০২   | অর্থ বৎসরের জুন মাসের ১ম থেকে ২০ দিনের যেকোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে | কর্তন বা সংগ্রহের দিনের পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে         |
| ০৩   | অর্থ বৎসরের জুন মাসের অন্যান্য যেকোনো দিনের কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে         | কর্তন বা সংগ্রহের পরবর্তী দিন                               |
| ০৪   | অর্থ বৎসরের জুন মাসের শেষ কর্মদিবসে কর্তন বা সংগ্রহের ক্ষেত্রে                 | কর্তন বা সংগ্রহের দিন                                       |

- ৪। এক্ষেত্রে, উৎসে কর সংক্রান্ত বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ, সঠিক হারে কর কর্তন, জেনারেল লেজার বা জিএল হিসাবে কর্তিত কর সংরক্ষণ না করে নির্ধারিত সময়ের মধ্যে সরকারি কোষাগারে উৎস কর জমা প্রদান, সঠিক তথ্য সংরক্ষণ এবং প্রয়োজনীয় বিবরণী ও চালানের কপি দাখিলের জন্য আপনাদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

- ৫। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আবুল কালাম আজাদ)

পরিচালক (এফসিআরপিডি)

ফোনঃ ০২-৫৫৬৬৫০০১-২০০/২০২৮৯